65

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 30, 1999 ... ...
পৃষ্ঠা: ১৬ কলাম ... ৫ ...

# কলিকাতা বই মেলায় আজ বাংলাদেশ দিবস

কলিকাতা হইতে রেজানুর রহমান ॥ কলিকাতা বইমেলা জমিতে শুরু করিয়াছে। বৃহস্পতিবার মেলার দ্বিতীয় দিনে পঞ্চাশ সহস্রাধিক ক্রেতা-দর্শকের সমাগম ঘটে। উদ্যোক্তাদের ধারণা আজ শনিবার ও আগামীকাল রবিবার ছুটির দিনে মেলার ক্রেতা-দর্শকের সংখ্যা লক্ষ ছাড়াইয়া যাইবে। ছুটির দিন মেলায় যাতায়তের জন্য কলিকাতা উত্তর রেল কর্তৃপক্ষ বিশেষ ট্রাম সার্ভিসের আয়োজন করিয়াছে। আজ (শনিবার) বইমেলার মূল মঞ্চে বাংলাদেশ দিবস পালন উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হইয়াছে। (২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)।

## কলিকাতা বইমেলায়

(শেষ পৃষ্ঠার পর)

কলিকাতা সময় বেলা আড়াইটায় বাংলাদেশ দিবসের মূল অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করিবেন যুব ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের। বেলা আড়াইটা হইতে শুরু করিয়া রাত সাড়ে ৮টা পর্যন্ত বাংলাদেশ দিবসের অনুষ্ঠানের আওতায় 'বাংলাদেশের সংস্কৃতি ও ঐতিহ্য/ বিজ্ঞান ও প্রযুক্তি, বাংলাদেশের ভাষা ও সাহিত্য/ বাংলাদেশের মুক্তিযুদ্ধ, কথা সাহিত্যের কথকতা' শীর্ষক ৩টি সেমিনার, ছড়া ও কবিতা পাঠ করা হইবে। তবে নির্ধারিত কতজন আলোচক এই অনুষ্ঠানে অংশ নিবেন তাহা মেলার বাংলাদেশ পক্ষও জানাইতে পারে নাই।

মেলার বাংলাদেশ প্যাভিলিয়নের পাশেই বাংলাদেশের প্রকাশকদের ২৬টি স্টল বরাদ্দ পাইয়াছে। স্টলসমূহের অবস্থান ও আয়তন নিয়া প্রকাশকদের মধ্যে ক্ষোভ দেখা দিয়াছে। মেলা কর্তৃপক্ষ শর্ত অনুযায়ী বাংলাদেশের প্রকাশকদের জন্য নির্ধারিত পরিমাণ জায়গা বরাদ্দ করে নাই। এই ব্যাপারে বাংলাদেশের সৃজনশীল প্রকাশক পরিষদ আনুষ্ঠানিকভাবে অভিযোগ উত্থাপন করায় মেলা কর্তৃপক্ষ ইহার জন্য দুঃখ প্রকাশ করিয়াছে। মেলায় ঘুরিয়া দেখা গেল অবস্থানগত সমস্যার কারণে বাংলাদেশের স্টলসমূহে তেমন ভিড় নাই। তবে বাংলাদেশ মূল প্যাভিলিয়নে প্রচণ্ড ভিড়। মূল প্যাভিলিয়ন জাতীয় স্মৃতিসৌধের আদলে নির্মাণ করা হইয়াছে। কলিকাতার একজন অধিবাসী মন্তব্য করিলেন, আমার দেখা স্মৃতিসৌধের সহিত এই কাঠামোর কোন মিল নাই। প্রায় ৫ মাইলব্যাপী এই মেলায় ৪৭৯টি স্টল বসিয়াছে। ইহাছাড়া রহিয়াছে ১৬৩টি লিটিল ম্যাগাজিনের স্টল। মেলার মূল মঞ্চে গতকাল একটি বইয়ের প্রকাশনা অনুষ্ঠানের পাশাপাশি কবিদের আড্ডা অনুষ্ঠিত হয়।

### পাইরোসি বিষয়ক বিতর্ক

কলিকাতায় ভারত-বাংলাদেশের বইয়ের পাইরোসি বিষয়ক বিতর্ক শুরু হইয়াছে। গতকাল কলিকাতার প্রকাশকদের এক সভায় এই ব্যাপারে কিঞ্চিৎভাবে বাংলাদেশকে দায়ী করা হইয়াছে। পাবলিশার্স গিল্ড গতকাল মেলা প্রাঙ্গণে এক সাংবাদিক সম্মেলনে বলিয়াছে পাইরোসির কারণে বাংলাদেশে ভারতের বইয়ের ব্যবসা ১০ কোটি টাকা হ্রাস পাইয়াছে। সাংবাদিক সম্মেলনে বলা হয়, ভারত বাংলাদেশে বর্তমানে প্রতিবছর ১০ কোটি টাকার বইয়ের ব্যবসা করে। অপরপক্ষে বাংলাদেশ হইতে ভারতে বছরে মাত্র দেড় লক্ষ টাকার বাংলাদেশী বই আমদানী হয়। সাংবাদিক সম্মেলনে পাবলিশার্স গিল্ডের সাধারণ সম্পাদক অনীল আচার্য, সুকুমার দাস, বাংলাদেশের প্রকাশকদের পক্ষে মজিবর রহমান খোকা ও ফরিদ আহমেদ বক্তৃতা করেন।